২০২৪

চতুর্থ সেমেস্টার

# বাংলা — সাম্মানিক

## পত্র : SEC-B-1 and SEC-B-2

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

## SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য-গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

১। (ক) ঘূর্ণিঝড় 'রেমাল'-এর তাণ্ডব, লণ্ডভণ্ড দুই ২৪ পরগণা— এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

*অথবা,*

(খ) 'কারিকুলাম অ্যান্ড ক্রেডিট ফ্রেমওয়ার্ক' (CCF) শিক্ষাব্যবস্থা সম্পর্কে একজন শিক্ষাবিদের সঙ্গে কোনো সাংবাদিকের কাল্পনিক সাক্ষাৎকার রচনা করো। ১০

২। (ক) একটি কম্পিউটার প্রশিক্ষণ সংস্থা ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিপ্লোমা ইন মাল্টিমিডিয়া কোর্সে ভর্তির জন্য বিজ্ঞপ্তি জারি করবে, ওই সংস্থার পক্ষ থেকে সংবাদপত্রে প্রকাশের যোগ্য একটি বিজ্ঞাপনের বয়ান রচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলায় অনুবাদ করো— ১০

The crow thought a lot and an idea came across his mind. He thought, "If I throw-some pebbles in the pot then the water present in the pot will go up and I will be able to drink water easily." The crow then started searching for a few pebbles. The crow saw some pebbles lying on the ground nearby. He flew towards the pebbles and put one in his beak. He returned to the pot and dropped it in the pot. Gradually by dropping one pebble at a time, the level of the water rose a little but his beak was still not capable of drinking the water. The crow repeated the process of flying to the pebbles, picking one of them, then flying back to the pot and dropping them one by one.

৩। (ক) গবেষণার রীতি ও নির্মাণ পদ্ধতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) গবেষণামূলক গ্রন্থ রচনায় নির্ঘণ্ট প্রণয়ন বিধি সম্পর্কে আলোচনা করো। ১০

**Please Turn Over**

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও — ৫×৬

(ক) সংবাদপত্রে প্রতিবেদন রচনার নিয়মগুলি সম্পর্কে আলোচনা করো।

(খ) ব্যক্তিগত পত্রের আঙ্গিক সম্পর্কে আলোচনা করো।

(গ) বিজ্ঞাপনের ভাষা সম্পর্কে তোমার মতামত দাও।

(ঘ) সফল সাক্ষাৎকারের প্রয়োজনীয় শর্তগুলির পরিচয় দাও।

(ঙ) আক্ষরিক অনুবাদ ও ভাবানুবাদের তুলনামূলক আলোচনা করো।

(চ) কপিরাইট আইন কী? কপিরাইট আইন স্রষ্টাকে কী কী অধিকার দেয়?

(ছ) গবেষণাকর্মে কবিতা থেকে উদ্ধৃতি প্রয়োগের নিয়মগুলি আলোচনা করো।

(জ) পাদটীকা ও গ্রন্থপঞ্জির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও — ১×২০

(ক) প্রতিবেদন কথার আভিধানিক অর্থ কী?

(খ) শিক্ষানবীশ প্রতিবেদক কাদের বলা হয়?

(গ) একটি প্রতিবেদনের শিরোনাম কেমন হওয়া উচিত?

(ঘ) বিজ্ঞাপনভিত্তিক প্রতিবেদন কী?

(ঙ) বাংলা ভাষায় লেখা প্রাচীনতম চিঠি কোনটি?

(চ) একটি আদর্শ পত্রের দুটি অংশের উল্লেখ করো।

(ছ) অধ্যক্ষের কাছে ছুটি চাওয়া কী প্রকারের পত্র?

(জ) সাক্ষাৎকার গ্রহণকারীর একটি দক্ষতার উল্লেখ করো।

(ঝ) মাইকের মাধ্যমে প্রচার কী ধরনের বিজ্ঞাপন?

(ঞ) একটি ব্যক্তিগত বিজ্ঞাপনের উদাহরণ দাও।

(ট) বিজ্ঞাপন দেওয়ার মূল উদ্দেশ্য কী?

(ঠ) 'A little learning is a dangerous thing.' — বাংলায় অনুবাদ করো।

(ড) The Sundarbans provides a unique ecosystem and a rich wild life habitat. — বাংলায় অনুবাদ করো।

(ঢ) 'Better late than never'— বাংলায় অনুবাদ করো।

(ণ) 'নামপত্র' কী?

(ত) গবেষণার ক্ষেত্রে একটি অলিখিত উপাদানের নাম লেখো।

(থ) লেখকের মৃত্যুর পরে কপিরাইট আইন কতদিন বলবৎ থাকে?

(দ) স্বাধীন ভারতবর্ষে কপিরাইট আইন কত খ্রিস্টাব্দে প্রবর্তিত হয়?

(ধ) 'রিসার্চ' (Research) কথাটির ব্যুৎপত্তি ঘটেছে কোন শব্দ থেকে?

(ন) গ্রন্থপঞ্জিতে সংবাদপত্রের নাম কীভাবে উল্লেখ করা হয়?

## SEC-B-2

### (ব্যবহারিক বাংলা - ২)

পূর্ণমান - ৮০

১। (ক) নীচের অসমাপ্ত গল্পসূত্রটি অবলম্বন করে **(অনধিক ৩০০ শব্দের মধ্যে)** একটি কাহিনি নির্মাণ করো। ১০

একজন অধ্যাপকের পাণ্ডিত্য নিয়ে তাঁর সহকর্মীরা ঈর্ষা করতেন। বাড়িতে সবাই তাকে মান্য করলেও বিবেচনাধীন বিষয়ে তাঁর এক পুত্র, দুই কন্যা, এমনকি তাঁর স্ত্রীও তাঁকে গুরুত্ব দিতেন না। হঠাৎ একদিন কলেজ থেকে ফেরার পথে তিনি নিখোঁজ হয়ে যান।

*অথবা,*

(খ) নীচের বিষয়টি অবলম্বন করে কমবেশি ৩০০ শব্দে শিরোনামসহ একটি প্রবন্ধ রচনা করো। ১০

তাবিজ, কবজ, রত্নধারণকারী বিজ্ঞানের শিক্ষক এবং বিজ্ঞানমনস্কতা।

২। (ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় বাংলা বানানের ক্ষেত্রে কী কী নিয়ম বহাল রেখেছে তা বিশদে জানাও। ১০

*অথবা,*

(খ) বিদেশি শব্দের বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

৩। (ক) নীচের গদ্যাংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) রূপান্তরিত করো।

মহামহোপাধ্যায় হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রাজদরবার থেকে বাংলা ভাষার প্রথম বই আবিষ্কার করেন। সাধারণভাবে এটি চর্যাপদ বা চর্যাগীতি নামে পরিচিত। এটি একটি সংকলন গ্রন্থ। ১০

*অথবা,*

(খ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালা (IPA) কী? এই বর্ণমালার বৈশিষ্ট্য এবং প্রয়োজনীয়তা সংক্ষেপে আলোচনা করো। ১০

৪। ***যে-কোনো ছয়টি*** বিষয়ে সংক্ষেপে আলোচনা করো— ৫×৬

(ক) ব্যক্তিগত প্রবন্ধ

(খ) রোমীয় লিপির প্রয়োজনীয়তা

(গ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানবিধি অনুযায়ী 'ঙ' এবং 'ং'-এর সঠিক ব্যবহার

(ঘ) প্রবন্ধে সূচনা ও উপসংহারের গুরুত্ব

(ঙ) গল্পে নীতিশিক্ষা

(চ) বাংলা বানান সংস্কারে রবীন্দ্রনাথের ভূমিকা

(ছ) তৎসম শব্দের বানান সম্পর্কে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশিকা

(জ) বাংলা বানানে 'ন' ও 'ণ' ব্যবহারে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির নির্দেশিকা।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও— ১×২০

(ক) আত্মগৌরবী প্রবন্ধের অন্য একটি নাম লেখো।

(খ) 'কিন্নরদল' গল্পটি কার লেখা?

(গ) মানবেতর প্রাণী নিয়ে লেখা একটি বাংলা গল্পের নাম লেখো।

(ঘ) স্বরস্বতী/সরস্বতী— কোনটি সঠিক লেখো।

(ঙ) দূর্গা/দুর্গা— কোনটি সঠিক লেখো।

(চ) 'ঐ' এবং 'ঙ' ধ্বনিদুটি IPA-তে লিপ্যন্তর করো।

(ছ) শুদ্ধ বানান লেখো— কৈবর্তাকূল।

(জ) বাংলা বানানের উভয়রূপ প্রচলিত আছে, এমন একটি উদাহরণ দাও।

(ঝ) অন্ত্য ও মধ্য বিসর্গের (ঃ) ক্ষেত্রে কোন নিয়ম গ্রহণীয়?

(ঞ) শুদ্ধ বানান লেখো— অধ্যায়ন/অধ্যয়ন।

(ট) রবীন্দ্রনাথ ঠাকুরের পত্রবিষয়ক একটি গ্রন্থের নাম লেখো।

(ঠ) রোমীয় লিপিতে লেখো— 'ছায়াবৃত'।

(ড) সঠিক বানান লেখো— উত্যাক্ত/উত্যক্ত।

(ঢ) 'প্রথম' শব্দটি IPA-তে লিপ্যন্তর করো।

(ণ) 'ঞ' বর্ণটিকে রোমীয় বর্ণমালায় কীভাবে লেখা হয়?

(ত) কৈশর / কৈশোর— কোন বানানটি সঠিক?

(থ) সমীচীন / সমিচীন— কোন বানানটি সঠিক?

(দ) কথাসাহিত্য বলতে কী বোঝো?

(ধ) সঠিক বানানটি লেখো— দুরবস্থা/দুরাবস্থা।

(ন) চরিত্রপ্রধান নামকরণের একটি উদাহরণ দাও।

———